



## স্থানীয় টেন্যান্ট ও রেসিডেন্টস গ্রুপসমূহ এবং ক্লীন অ্যান্ড সেইফ এস্টেটস

### স্থানীয় টেন্যান্ট ও রেসিডেন্টস গ্রুপসমূহ

আমাদের ব্যাপক পরিসরের স্কীম এবং এস্টেটসমূহে স্থানীয় এস্টেট ও কমিউনিটি গ্রুপগুলোকে আমরা সহায়তা করে থাকি। এদের কতগুলো হচ্ছে আনুষ্ঠানিকভাবে গঠিত এবং স্বীকৃত টেন্যান্ট ও রেসিডেন্ট অ্যাসোসিয়েশন, বাকীগুলো ক্ষুদ্র ও অনানুষ্ঠানিক কমিউনিটি অথবা সামাজিক গ্রুপ। আপনি একটি গ্রুপ গঠনে আগ্রহী হলে আমরা আনন্দের সঙ্গে সহায়তা ও পরামর্শ প্রদান করবো। অ্যাক্টিভ রেসিডেন্টস গাইড (**Active Residents' Guide**) টি ডাউনলোডের মাধ্যমে আপনি শুরু করতে পারেন—শুরু করার জন্য কিছু প্রয়োজনীয় পরামর্শ এতে রয়েছে। **বাসিন্দাদের জড়িত হওয়ার মত যে সকল বিভিন্ন প্রকার কর্মকাণ্ডে আমরা সমর্থন যোগাই তার একটি মেনুও আপনি দেখতে পাবেন।**

### আপনি কি আগ্রহী?

স্থানীয় রেসিডেন্টস গ্রুপগুলো সম্পর্কে আপনার কোন প্রশ্ন থেকে থাকলে অথবা যে কোন প্রকার গ্রুপ গঠনে আপনি আগ্রহী হলে অনুগ্রহ করে 08456 066 366 নম্বরে রেসিডেন্ট ইনভলভমেন্ট টিম-এর সঙ্গে যোগাযোগ করুন।

### ক্লীন অ্যান্ড সেইফ এস্টেটস (Clean and Safe Estates projects - CASE) - এর কাজ

আমরা অনুধাবন করি যে মূল বিষয়গুলো ঠিকঠাকমত হওয়া খুব জরুরী। আমাদের উচ্চ মানের এস্টেট পরিষেবা নিশ্চিত করতে আমরা ক্লীন অ্যান্ড সেইফ এস্টেটস (Clean and Safe Estates projects -CASE) প্রকল্প পরিচালনা করে থাকি। এর প্রধান লক্ষ্য হচ্ছে আমাদের মূল এস্টেট এবং স্কীম পরিষেবাসমূহ যেমন কেয়ারটেকিং, পরিষ্কার-পরিচ্ছন্নতা রক্ষা এবং বাগান পরিচর্যা ইত্যাদির উন্নয়ন সাধন। যদি আপনার এস্টেট বা স্কীম-এ CASE প্রকল্প থাকে তাহলে আপনি এই কাজে জড়িত হতে পারেন।

CASE জরিপসমূহ পূরণ করে, আপনার রেসিডেন্ট সার্ভিস টিম কর্তৃক পরিচালিত স্থানীয় বৈঠকসমূহে যোগ দিয়ে বা স্থানীয় এস্টেট বা স্কীম পরিদর্শনে অংশ নিয়ে আমাদের সাহায্য করুন।

### আপনি কি আগ্রহী?

CASE সম্পর্কে আরো তথ্য জানতে চাইলে অনুগ্রহ করে 08456 066 366 নম্বরে রেসিডেন্ট ইনভলভমেন্ট টিম-এর সঙ্গে যোগাযোগ করুন অথবা ইমেইল করুন এই ঠিকানায়ে [resident.involvement@shgroup.org.uk](mailto:resident.involvement@shgroup.org.uk)